

West Bengal Legislative Assembly

(১৩তম অধিবেশন)

২৫শে জুন ২০১৯

[পরিবেশ - অর্থ - অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা - শিল্প, বাণিজ্য ও উদ্যোগ - সেচ ও জলপথ - বিচার - শ্রম - আইন - ক্ষুদ্র ও কুটির শিল্প ও বস্ত্র - জনস্বাস্থ্য কারিগরী - স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি - উপভোক্তা বিষয়ক - তথ্য প্রযুক্তি ও বৈদ্যুতিন (গভর্নেন্স শাখা)].

- 12

অসংগঠিত শ্রমিকের সংখ্যা

*11 অসিত মিত্র (আমতা, হাওড়া):

শ্রম :-

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৮ সাপেক্ষে রাজ্যে অসংগঠিত শ্রমিকের সংখ্যা কত; এবং

(খ) উক্ত সময় সাপেক্ষে অসংগঠিত শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষায় সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে?

ঘাটাল মাস্টার প্ল্যানের অগ্রগতি

*12 সমীর কুমার জানা (পাথরপ্রতিমা, দক্ষিণ ২৪ পরগণা):

সেচ ও জলপথ :-

(ক) পশ্চিম মেদিনীপুর জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের দুর্গতি বিমোচনে বহুদিনের প্রতীক্ষিত ঘাটাল মাস্টার প্ল্যানের অগ্রগতি কীরূপ; এবং

(খ) উক্ত মাস্টার প্ল্যানটিকে কার্যকরী করতে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তার পরিমাণ কত?

দামোদর নদ ও মুণ্ডেশ্বরী নদীর মুখে “জলাধার” নির্মাণ

*13 সমর হাজরা (জামালপুর (এস সি), বর্ধমান):

সেচ ও জলপথ :-

(ক) পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকে দামোদর নদ ও মুণ্ডেশ্বরী নদীর মুখে “জলাধার” নির্মাণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

রাজ্যে দমকল কেন্দ্রের সংখ্যা

*14 নাগিস বেগম (মেমারি, বর্ধমান):

অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা :-

(ক) রাজ্যে মোট দমকল কেন্দ্রের সংখ্যা কত;

(খ) বর্তমান আর্থিক বছরে আর কোন দমকল কেন্দ্র চালু করার প্রস্তাব বিবেচনাধীন আছে কি না;

(গ) থাকলে, তার সংখ্যা কত; এবং

(ঘ) পূর্ব বর্ধমান জেলার মেমারীতে ঐরূপ কেন্দ্র চালু করার পরিকল্পনা সরকারের আছে কি না?

নথিভুক্ত বেকারের সংখ্যা

*15 সেখ. আমজাদ হোসেন (পান্ডুয়া, হুগলী):

শ্রম :-

(ক) ৩১শে মে, ২০১৯ সাপেক্ষে রাজ্যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ও এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক-এ মোট নথিভুক্ত বেকারের সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে, মোট কতজন বেকারভাতা পায়?

অগ্নি-কাণ্ডের ঘটনার সংখ্যা

*16 বঙ্কিম চন্দ্র হাজরা (সাগর, দক্ষিণ ২৪ পরগণা):

অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা :-

(ক) গত ২০১৮-১৯ অর্থবর্ষে মোট কতগুলি অগ্নি-কাণ্ডের ঘটনা ঘটেছে; এবং

(খ) ঐরূপ ঘটনায় ক্ষয়ক্ষতির পরিমাণ কত?

শালী নদীর ক্যানেল সংস্কারে অর্থ বরাদ্দ

*17 সুজিত চক্রবর্তী (বরজোড়া, বাঁকুড়া):

সেচ ও জলপথ :-

(ক) বর্তমান অর্থবর্ষে বড়জোড়া বিধানসভা এলাকার শালী নদীর ক্যানেলগুলি সংস্কারের জন্য কত অর্থ বরাদ্দ হয়েছে;

(খ) উক্ত সংস্কার কাজের জন্য এলাকার জনগণকে নিয়ে কোন কমিটি গঠন করা যায় কিনা; এবং

(গ) উক্ত খালের পাড়ে কাটামাটি জমা করে রাখার কারণ কী?

দেওয়ানী আদালতে বিচারকের সংখ্যা

*18 জয়ন্ত নস্কর (গোসাবা (এস সি), দক্ষিণ ২৪ পরগণা):

বিচার :-

(ক) ৩১শে মার্চ, ২০১৯ সাপেক্ষে রাজ্যে দেওয়ানী আদালতে অনুমোদিত বিচারকের সংখ্যা কত (জেলাওয়ারি হিসাবসহ);

(খ) উক্ত সময়ের হিসেবে মোট কত সংখ্যক বিচারকের শূন্যপদ সৃষ্টি হয়েছে; এবং

(গ) কবে নাগাদ উক্ত শূন্যপদগুলি পূরণ করা হবে বলে আশা করা যায়?

‘ইমামী’ কারখানার স্থানান্তর

*19 মানস মুখার্জী (কামারহাটি, উত্তর ২৪ পরগণা):

শ্রম :-

(ক) এটা কি সত্যি যে, বি. টি. রোড বেলঘরিয়াতে অবস্থিত ‘ইমামী’ কারখানাটির সমস্ত স্থায়ী শ্রমিককে ‘ভি.আর.এস.’ দিয়ে কারখানাটি স্থানান্তরিত করতে চাইছে; এবং

(খ) সত্যি হলে —

(১) ‘ভি.আর.এস.’ ঠেকাতে সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে; ও

(২) ঠিকা শ্রমিকরা যাতে কর্মহীন না হয়ে পড়েন সেই ব্যাপারে সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে/ করছে?

স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা

*20 আব্দুল খালেক মোল্লা (মেটিয়াবুরুজ, দক্ষিণ ২৪ পরগণা):

স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি

স্বনিযুক্তি প্রকল্পের আওতায় বর্তমানে রাজ্যে মোট কত সংখ্যক স্বনির্ভর গোষ্ঠী রয়েছে (জেলাওয়ারি হিসেবসহ)?

তোর্ষা ও কালজানী নদীতে নদী-বাঁধ নির্মাণ

*21 নগেন্দ্র নাথ রায় (কোচবিহার উত্তর (এস সি), কোচবিহার):

সেচ ও জলপথ :-

(ক) কুচবিহার জেলার তোর্ষা ও কালজানী নদীতে নদী-বাঁধ নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা কার্যকরী হবে বলে আশা করা যায়?

হাঁসন বিধানসভা এলাকায় দমকল কেন্দ্র স্থাপন

*22 মিলটন রশিদ (হাঁসন, বীরভূম):

অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা

হাঁসন বিধানসভা কেন্দ্রের লোহাপুর এলাকায় দমকল কেন্দ্র গড়ে তোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

Kolkata:
The 25th June, 2019.

A. SOM,
Secretary, West Bengal Legislative Assembly